দৈনিক সংবাদ

তারিখ ... 16 FEB 1990
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ...

26

## শিক্ষামন্ত্রণালয় সমীপে

আত্মীকরণকৃত বিদ্যালয় সমূহে প্রশিক্ষণবিহীন স্নাতক পাস শিক্ষকদের বেতনক্রম নির্ধারণে নানা জটিলতা দৃষ্টি হয়। যেমন ১৯৮২ ইং সনে আত্মীকরণকৃত লক্ষ্মীপুর জেলা-সদরে অবস্থিত আদর্শ-সামাদ সরকারী উচ্চ বিদ্যালয়ে প্রশিক্ষণ বিহীন স্নাতক পাস শিক্ষকদেরকে ৪৭০-৯১৫ টাকা বেতনক্রমে (যা নতুন বেতনক্রমে ১০০০।—২২৮০।-) নিয়োগপত্র প্রদান করা হয়েছে।

অথচ শিক্ষামন্ত্রণালয়ের স্মারক নং শা-৫।৪।এ।-৯।৮৩।৬৮ শিক্ষা, তারিখ ২-২-৮৫ এর মর্মানুযায়ী আত্মীকরণকৃত বিদ্যালয়সমূহে প্রশিক্ষণবিহীন শিক্ষকগণ ৩ বৎসরের মধ্যে বি,এড. ডিগ্রী নেওয়া সাপেক্ষে ১৩৫০-২৭৫০।- টাকা স্কেলে ১-৪-৮৫ তারিখ থেকে আত্মীকরণ নির্দেশ রয়েছে।

১৯৮৫ সনে আত্মীকরণকৃত নোয়াখালী জেলার চাটখিল উপজেলার চাটখিল পাঁচগাও সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রশিক্ষণ বিহীন স্নাতক পাস শিক্ষকগণকে পরিদপ্তরের স্মারক নং ২৯৭৫০। ১৫০—ম তারিখ ২৭-৭-৮৬ এর চিঠিতে ৩ বৎসরের মধ্যে প্রশিক্ষণ নেওয়ার সাপেক্ষে ১৩৫০-২৭৫০ টাকা বেতনক্রম প্রদান করা হয়েছে।

আবার ৩১-১২-৮৭ তারিখে আত্মীকরণকৃত বিদ্যালয় নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার বেগমগঞ্জ সরকারী পাইলট উচ্চ বিদ্যালয় ও লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলার রামগঞ্জ এম, ইউ সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রশিক্ষণ বিহীন স্নাতক পাস শিক্ষকদেরকে সহকারী শিক্ষক হিসাবে ৮৫০-১৭০০ টাকা বেতনক্রম প্রদান করা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর সরকারী উচ্চ বিদ্যালয়ের তালিকা জুন, ১৯৮৭ নামে পুস্তিকার বিগত ১৯৮৩ সনের এনাম কমিটির সুপারিশ ভিত্তিতে সরকারী হাই স্কুলের শিক্ষকদের পদসমূহ বিভাজন সহকারী শিক্ষকদের বেতনক্রম টাকা ১৩৫০-২৭৫০।- দৃষ্ট হয়। কিন্তু বেতনক্রম ৮৫০-১৭০০।- টাকার কোন সহকারী শিক্ষকের পদ উল্লেখ নেই।

কাজেই সরকারী উচ্চ বিদ্যালয়সমূহের প্রশিক্ষণ বিহীন স্নাতক পাস শিক্ষকদেরকে ৮৫০-১৭০০।- টাকা বেতনক্রম প্রদান করা আদৌ যুক্তি সংগত নয়।

আত্মীকরণকৃত বিদ্যালয়ে প্রশিক্ষণ বিহীন স্নাতক পাস শিক্ষকগণ বেসরকারী পর্যায় ১৯৭৯ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের চাকুরী বিধি অনুযায়ী সদ্য স্নাতক ডিগ্রীপ্রাপ্ত শিক্ষকগণ ১০০০-২২৮০ টাকার বেতনক্রম ও ১০ বৎসর এবং ১২ বৎসরের কর্ম অভিজ্ঞতার ভিত্তিতে ১৩৫০-২৭৫০।- টাকা বেতনক্রম অনুযায়ী সরকারী অনুদানভাতা ইত্যাদি পান। অথচ সরকার এ সকল বিদ্যালয়গুলো আত্মীকরণ করে সকল প্রশিক্ষণ বিহীন স্নাতক পাস শিক্ষকদেরকে ৮৫০-১৭০০।- টাকা বেতনক্রম প্রদান যেমন অসামঞ্জস্যপূর্ণ তেমনি পদমর্যাদা হানিকর, আর্থিক ক্ষতি ও মানসিক পীড়াদায়কও বটে। অপরদিকে সরকারী ও বেসরকারীর মধ্যে এক বিরাট বৈষম্যও সৃষ্টি করেছে। কাজেই শিক্ষা মন্ত্রণালয়ের এ বৈষম্যমূলক জটিলতা দূরীকরণ একান্ত প্রয়োজন।

—মোঃ রুহুল আমিন,
সহকারী শিক্ষক,
রামগঞ্জ এম, ইউ সরকারী উচ্চ বিদ্যালয়,
রামগঞ্জ, লক্ষ্মীপুর।